

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ন্যাশনাল আরবান লিগের (NATIONAL URBAN LEAGUE) সদরদপ্তর, আরবান সিভিল রাইটস মিউজিয়াম (URBAN CIVIL RIGHTS MUSEUM) এবং সাশ্রয়ী আবাসনের জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (EMPIRE STATE DEVELOPMENT) এর কাছে নিউ ইয়র্ক সিটির স্টেট প্রপার্টির হস্তান্তর অনুমোদন করে S4688-A/A6865-A-তে স্বাক্ষর করেন

গভর্নর কুওমো: "এই ব্যবস্থাকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে আমরা হারলেমের ইতিহাস সংরক্ষণে, অধিক সাশ্রয়ী আবাসন সৃষ্টিতে এবং নিউ ইয়র্কজুড়ে বর্ণধারী কমিউনিটিসমূহের জন্য প্রতিদিন গুরুতপূর্ণ কাজ করে যাওয়া অলাভজনক ও নাগরিক সংস্থা যেমন ন্যাশনাল আরবান লিগ ও 100 ব্ল্যাক মেন (100 Black Men) এর জন্য আশ্রয় সৃষ্টিতে সাহায্য করবো।"

গভর্নর কুওমো আজ S.4688-A/A.6865-A স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন, যেখানে স্টেট জেনারেল সার্ভিসেস কমিশনারকে ন্যায্য বাজার মূল্যের চেয়ে কিছু কম মূল্যে নিউ ইয়র্ক সিটির স্টেটের মালিকানাধীন সম্পত্তি ন্যাশনাল আরবান লিগের সদরদপ্তর ও কনফারেন্স সেন্টার এবং আরবান সিভিল রাইটস এক্সপেরিয়েন্স মিউজিয়ামের (Urban Civil Rights Experience Museum) জন্য ব্যবহারের উদ্দেশ্যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর কাছে হস্তান্তরের অনুমোদন প্রদান করা হয়েছে। এছাড়াও 270 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি সিটির সাশ্রয়ী আবাসনের সংখ্যা 170 ইউনিট বৃদ্ধি করবে, যা গৃহহীনতা মোকাবেলা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী আবাসন সৃষ্টিতে গভর্নরের 20 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। অধিকন্তু, এই জমি হস্তান্তরের ফলে স্থানীয় অলাভজনক সংস্থাসমূহের জন্য বাজার দরের চেয়ে কমে এবং ভাড়ামুক্ত স্থান পাওয়া যাবে, যাদের মধ্যে রয়েছে ওয়ান হান্ড্রেড ব্ল্যাক মেন ইনকরপোরেশন (One Hundred Black Men, Inc.) এবং জ্যাজমোবাইল ইনকরপোরেশন (Jazzmobile, Inc.)। এই বিল অবিলম্বে কার্যকর হবে।

"হারলেমের রয়েছে এক সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতি যা ভবিষ্যত প্রজন্মের জন্য উদযাপন, সংরক্ষণ ও বর্ধিত করা উচিত", **গভর্নর কুওমো বলেন।** "এই ব্যবস্থাকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে আমরা হারলেমের ইতিহাস সংরক্ষণে, অধিক সাশ্রয়ী আবাসন সৃষ্টিতে এবং নিউ ইয়র্কজুড়ে বর্ণধারী কমিউনিটিসমূহের জন্য প্রতিদিন গুরুতপূর্ণ কাজ করে যাওয়া অলাভজনক ও নাগরিক সংস্থা যেমন ন্যাশনাল আরবান লিগ ও 100 ব্ল্যাক মেন এর জন্য আশ্রয় সৃষ্টিতে সাহায্য করবো।"

সেনেটর ব্রায়ান এ. বেঞ্জামিন বলেন, "আমি গভর্নর কুওমোকে এই আইনটি স্বাক্ষরের জন্য ধন্যবাদ জানাতে চাই, যা 125 তম স্ট্রিটের, ঐতিহাসিক হারলেমের কেন্দ্রস্থলে ন্যাশনাল আরবান লিগকে একটি ঠিকানা প্রদান করবে, যাতে তারা আফ্রিকান আমেরিকানদের পক্ষে এবং অর্থনৈতিক সুবিচারের জন্য ওকালতির কাজ চালিয়ে যেতে পারেন। এই সদরদপ্তর, সেইসাথে একটি সিভিল রাইটস মিউজিয়াম এবং নিম্ন-আয়ের লোকদের জন্য সশ্রমী আবাসন হারলেম কমিউনিটিতে গুরুত্বপূর্ণ সংযোজন। এটিকে যে আইন সম্ভবপর করে তুলেছে সেই আইনের সেনেট স্পন্সর হতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ইনেজ ই. ডিকিনস বলেন, "আজ আমি গর্বের সাথে ঘোষণা দিচ্ছি যে গভর্নর অ্যান্ড্রু কুওমো স্টেট অ্যাসেম্বলিতে আমার প্রস্তাবিত এক গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করতে যাচ্ছেন যা ন্যাশনাল আরবান লিগকে এর জন্মস্থান - যুক্তরাষ্ট্রের হারলেমে ফিরে আসতে সাহায্য করবে। এই গুরুত্বপূর্ণ সংস্কার ফিরে আসার পাশাপাশি, এ প্রকল্পে এছাড়াও 170 ইউনিট প্রকৃত সশ্রমী আবাসনের ব্যবস্থা করা এবং জ্যাজমোবাইল ও 100 ব্ল্যাক মেন ইনকরপোরেশনের জন্য এক নতুন ঠিকানা সৃষ্টি করা অন্তর্ভুক্ত থাকবে। এই আইনে স্বাক্ষরের মাধ্যমে নিম্ন ও মধ্যম আয়ের পরিবারের সদস্যদের সমর্থন অব্যাহত রাখার জন্য আমি গভর্নরকে অভিনন্দন জানাই, যা তাদেরকে আমাদের শহর বিনির্মাণের অংশ হিসেবে থাকার সুযোগ দেয় এবং আমার জন্মদিনে এই স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হওয়ায় সেটি একটি বিশেষ উপলক্ষে পরিণত হয়েছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্কাইব করুন